

আল-ফীল | Al-Fil | أَلْفِيل

আয়াতঃ ১০৫ : ৫

আরবি মূল আয়াত:

فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّاكُولٍ ﴿٥﴾

অনুবাদসমূহ:

অতঃপর তিনি তাদেরকে করলেন ভক্ষিত শস্যপাতার ন্যায়। — আল-বায়ান

অতঃপর তিনি তাদেরকে করে দিলেন ভক্ষিত তৃণ-ভূষির মত। — তাইসিরুল

অতঃপর তিনি তাদেরকে ভক্ষিত তৃণ সদৃশ করে দেন। — মুজিবুর রহমান

And He made them like eaten straw. — Sahih International

৫. অতঃপর তিনি তাদেরকে ভক্ষিত তৃণ-সদৃশ করেন।(১)

(১) عَصْف এর অর্থ শুষ্ক তৃণ-লতা, শুকনো খড়কুটো।। কঙ্কর নিষ্কিপ্ত হওয়ার ফলে আবরার সেনাবাহিনীর অবস্থা শুষ্ক তৃণ ভক্ষিত হওয়ার পর যা হয়, তদ্রূপই ধ্বংসপ্রাপ্ত হয়েছিল। [তাবারী, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৫। অতঃপর তিনি তাদেরকে করেছিলেন চিবানো ঘাসের মত।[1]

[1] অর্থাৎ, তাদের দেহের অঙ্গ-প্রত্যঙ্গগুলো এমন ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল, যেমন হয় পশু কর্তৃক চিবানো ঘাস।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6193>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন